

জাতীয় পরিচয়পত্র নিবন্ধন সংক্রান্ত নির্দেশনাবলী

জাতীয় পরিচয়পত্র নিবন্ধনের জন্য services.nidw.gov.bd ওয়েব সাইট থেকে নতুন নিবন্ধনের আবেদন পূর্বক আবেদনের কপিসহ প্রয়োজনীয় কাগজপত্র অফিসে জমা প্রদান করতে হবে।

- ➔ জন্ম তারিখ ০১.০১.২০০৬ বা তার পূর্বে হলে জাতীয় পরিচয়পত্র নিবন্ধনের জন্য আবেদন করা যাবে।
- ➔ নিবন্ধন ফরমের ৩৪ নম্বরে শনাক্তকারী হিসেবে আবেদনকারীর পিতা-মাতা/স্বামী-স্ত্রী/ভাই-বোন যে কোন একজনের এনআইডি নম্বর ও ৩৫ নম্বরে সংশ্লিষ্ট ব্যক্তির স্বাক্ষর দিতে হবে।
- ➔ নিবন্ধন ফরমের ৪০, ৪১ ও ৪২ নম্বরে যাচাইকারী হিসেবে পৌরসভার ক্ষেত্রে সংশ্লিষ্ট পৌর মেয়র/সংরক্ষিত কাউন্সিলর/সাধারণ কাউন্সিলর এবং ইউনিয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/সংরক্ষিত সদস্য/সাধারণ সদস্যের নাম, এনআইডি নম্বর ও স্পষ্ট সীলসহ স্বাক্ষর থাকতে হবে।
- ➔ জন্ম তারিখ ০১.০১.২০০৬ এর পূর্বে হলে নিবন্ধন ফরমের ৩২ নম্বরে সন্তোষজনক বাদ পড়ার কারণ উল্লেখ করতে হবে।
- ➔ প্রযোজ্য ক্ষেত্রে Afis যাচাই করতে হবে।

প্রয়োজনীয় দলিলাদি

- ➔ এস.এস.সি/জে.এস.সি/পি.এস.সি এর সনদপত্র। (অনলাইন মার্কশীট গ্রহণযোগ্য নয়)
- ➔ ছবিযুক্ত রেজিস্ট্রেশন কার্ড।
- ➔ স্টুডেন্ট আইডি (প্রযোজ্য ক্ষেত্রে)
- ➔ শিক্ষাগত যোগ্যতা ৫ম শ্রেণীর নীচে হলে সংশ্লিষ্ট শ্রেণীর প্রত্যয়ন।
- ➔ ডিজিটাল জন্ম সনদ। (অনলাইন হতে ডাউনলোড গ্রহণযোগ্য নয়)
- ➔ নাগরিকত্ব সনদ। (মূলকপি)
- ➔ সংশ্লিষ্ট ঠিকানায় ভোটার করা যেতে পারে মর্মে পৌর মেয়র/ইউপি চেয়ারম্যানের সুপারিশসহ প্রত্যয়ন। (বিবাহিত মহিলাদের ক্ষেত্রে স্বামীর নাম উল্লেখপূর্বক) (মূলকপি)
- ➔ পিতা-মাতা ও স্বামী-স্ত্রীর (বিবাহিতদের ক্ষেত্রে) এনআইডি এর কপি।
- ➔ বিবাহের কাবিননামা। (প্রযোজ্য ক্ষেত্রে)
- ➔ বিদ্যুৎ/পৌর কর/টোকিদারী ট্যাক্স/পানির বিলের কপি। (অবশ্যই পরিবারের সদস্যের নামীয়)।
- ➔ জমির দলিল/পর্চা। (প্রযোজ্য ক্ষেত্রে)।
- ➔ রক্তের গুপ পরীক্ষার রিপোর্ট এর কপি।
- ➔ পাসপোর্ট/ড্রাইভিং লাইসেন্স এর কপি। (যদি থাকে)

প্রবাসীদের ক্ষেত্রে (অতিরিক্ত সংযুক্ত করতে হবে)

- ➔ পাসপোর্টের কপি।
- ➔ দেশে প্রবেশের টিকেটের কপি/পাসপোর্টে উল্লিখিত সংশ্লিষ্ট প্রমাণক।
- ➔ দ্বৈত নাগরিকত্বের ক্ষেত্রে স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত দ্বৈত নাগরিকত্ব সনদ প্রদান করতে হবে। (নির্ধারিত দেশসমূহের জন্য)

বিঃ দ্রঃ

জন্ম সনদ, এসএসসি/জেএসসি/পিএসসি সনদ ও আবেদন ফরমের তথ্যাবলী একই হতে হবে।
নিবন্ধনের সময় অবশ্যই সকল দলিলাদির মূলকপি প্রদর্শন করতে হবে।

